দৈনিক খবর

তারিখ 03 APR 1993
পৃষ্ঠা ১ কলাম ৮

## ইতিহাসের শিক্ষা সম্পর্কে শিক্ষামন্ত্রী

# প্রবল ক্ষমতাশালী ব্যক্তিও একদিন জনগণের কাছে হেরে যায়

।। স্টাফ রিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেছেন, প্রবল ক্ষমতাশালী ব্যক্তিও একদিন জনগণের কাছে হেরে যায়। জনগণ ছাড়া ক্ষমতার অস্তিত্ব থাকতে পারে না। এটাই ইতিহাসের শিক্ষা। কিন্তু তবুও আমরা ইতিহাস থেকে শিক্ষা নেই না।

তিনি গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র–শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বাংলাদেশ ইতিহাস সমিতির দশম জাতীয় সম্মেলন ও 'ঔপনিবেশিক শাসন ও চিরস্থায়ী বন্দোবস্ত পুনর্মূল্যায়ন' শীর্ষক তিনদিনব্যাপী সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করছিলেন। তিনি বলেন, সভ্য জাতি হিসেবে বেঁচে থাকতে হলে আমাদের অতীত ইতিহাস থেকে শিক্ষা নিতে হবে। ইতিহাস থেকে শিক্ষা নেয়ার পরও আমরা আমাদের গড়তে পারছি না। 'আমি' 'আমার' হতে পারছি না।

তিনি বলেন, ইতিহাসকে ধরে রাখার জন্য জাতীয় আর্কাইভ গঠন করা প্রয়োজন। আমাদের যে আর্কাইভ আছে একে আরো সমৃদ্ধ করতে হবে তিনি

২–এর পাতা ৭ম কঃ দেখুন

# প্রবল ক্ষমতাশালী ব্যক্তিও

প্রথম পৃষ্ঠার পর

জাতীয় ইতিহাস গবেষণা কেন্দ্রকে তার মন্ত্রণালয় থেকে সম্ভাব্য সহযোগিতার আশ্বাস দেন।

ইতিহাস সমিতির সভাপতি অধ্যাপক আবদুল মোমিন চৌধুরীর সভাপতিত্বে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ। বক্তৃতা করেন সমিতির সাধারণ সম্পাদক দেলওয়ার হোসেন ও যুগ্ম–সম্পাদক ডঃ শরীফউদ্দিন আহমেদ।

অধ্যাপক এমাজউদ্দিন আহমেদ বলেন, আমরা এখন ইতিহাসের এক ক্রান্তিকাল অতিক্রম করছি। মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস এখনো রচিত হয়নি। এশিয়াটিক সোসাইটি সবেমাত্র ইতিহাস রচনার সূচনা করেছে। ইতিহাস সমিতিকে এ কাজ শেষ করতে হবে।

তিনি বলেন, কেন নব্বইয়ের আন্দোলনের পথ রুদ্ধ হল, কেন আজ দেশে গণতান্ত্রিক ব্যবস্থা লংঘিত হচ্ছে তা ইতিহাসবিদদের খুঁজে বের করতে হবে।

তিনি বলেন, ইতিহাস কখনো থেমে থাকে না। ইতিহাসের গতিকে আলোর পথে এগিয়ে নিতে হবে। ইতিহাসবিদকে হতে হয় দার্শনিক ও মনস্তত্ত্ববিদ।